

রেজি./এডি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
উপ পরিচালক (ইঞ্জিঃ) এর কার্যালয়
ঢাকা মেট্রো-২ সার্কেল, ইকুরিয়া
কেরানীগঞ্জ, ঢাকা।
dde dm2@brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০১.০০১.৪৪.০০১-২৩-৬৬৬

তারিখঃ ০৫/০৪/২০২৬খ্রি.

বিষয় : ঢাকা মেট্রো-ব-১৪-৭৯৯৪ নং মোটরযানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়া ভিডিওতে আপনার মালিকানাধীন ঢাকা মেট্রো-ব-১৪-৭৯৯৪ নং মোটরযানটি সড়কে/মহাসড়কে বেপরোয়া গতি এবং অননুমোদিত ওভারটেকিং করে চলাচল করতে দেখা যায়। যা সড়ক নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ। এছাড়াও বর্ণিত মোটরযানটি ফিটনেসবিহীন অবস্থায় সড়কে চলাচল করছিলো, যা সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর বিধি ৪৬(খ) অনুযায়ী ফিটনেস সনদ ছাড়াই সড়কে চলাচলের কারণে রেজিস্ট্রেশন স্থগিত করার বিধান রয়েছে। এছাড়াও বেপরোয়া গতিতে মোটরযান চালনা এবং অননুমোদিত ওভারটেকিং সড়ক পরিবহন আইন ২০১৮ এর ধারা ৪৪(৩) এর সুস্পষ্ট লঙ্ঘন।

এমতাবস্থায়, সড়ক পরিবহন বিধিমালা ২০২২ এর বিধি ৪৬(খ) অনুযায়ী আপনার মালিকানাধীন ঢাকা মেট্রো-ব-১৪-৭৯৯৪ নং মোটরযানটির রেজিস্ট্রেশন সাময়িকভাবে স্থগিত করা হলো। এছাড়াও ঢাকা মেট্রো-ব-১৪-৭৯৯৪ নং মোটরযানটির রেজিস্ট্রেশন কেন স্থায়ীভাবে বাতিল করা হবেনা, সে বিষয়ে পত্র প্রাপ্তির (৫)পাঁচ কার্যদিবসের মধ্যে মোটরযানটির রেজিস্ট্রেশন সনদ, ফিটনেস সনদ, ট্যাক্স টোকেন, রুট পারমিট সনদ, উক্ত মোটরযানের চালক এবং চালকের ড্রাইভিং লাইসেন্সসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (কক্ষ নং-১০২) স্বশরীরে হাজির হয়ে লিখিত বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করা হলো। অন্যথায় ঢাকা মেট্রো-ব-১৪-৭৯৯৪নং মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



সৈয়দ আইনুল হুদা চৌধুরী
উপপরিচালক (ইঞ্জিঃ)
পরিচিতি নং ২০১২১০২১২৪



THE CITY BANK LTD.
A/C-HIMACHOL EXPRESS LTD.
B. B AVENUE BRANCH,
12 B. B AVENUE, DHAKA-1000.

অনুলিপি (সদয় অবগতি/অবগতির জন্য):

- ১। পরিচালক (রোড সেফটি), বিআরটিএ, সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
- ২। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা বিভাগ, মিরপুর-১৩, ঢাকা।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
- ৪। অফিস কপি।